শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

**নভেম্বর/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ২৪/১১/২০২২, দুপুর ০২.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| উপদেষ্টা | : জনাব হাবিবুর রহমান, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ । |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট । |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় অক্টোবর/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** অক্টোবর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিয়ে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি (থোক বরাদ্দ) খাতে ১ম কিস্তিতে ১৭.৪০ (সতের লক্ষ চল্লিশ হাজার) টাকা পাওয়া গিয়েছে। এরূপ চার কিস্তিতে ১৭.৪০x৪=৬৯.৬০ (উনসত্তর লক্ষ ষাট হাজার) টাকা পাওয়ার সম্ভাবনা রয়েছে। মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী প্রাপ্ত বরাদ্দের ১০% অতিরিক্ত টাকার স্কীম গ্রহণ করার বিধান রয়েছে। তিনি জানান এডিপি (থোক বরাদ্দ) তহবিলে (৬৯.৬০+৬.৯৬)=৭৬.৫৬ (ছিয়াত্তর লক্ষ ছাপান্ন হাজার) টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) রাজস্ব উদ্বৃত্ত তহবিলে ৬,৫৬,৯৪,৬০১.২৪ (ছয় কোটি ছাপান্ন লক্ষ চুরানব্বই হাজার ছয়শত এক টাকা চব্বিশ পয়সা) টাকা জমা রয়েছে। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাত এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী (রাজস্ব উদ্বৃত্ত) খাত হতে ২০২২-২০২৩ অর্থ বছরে স্কীম সংশ্লিষ্ট সকলকে দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করেন।

সিদ্ধান্ত-১: সভায় এ ব্যাপারে কোন সিদ্ধান্ত গৃহিত হয়নি।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় Non-municipal Project (MSP) প্রকল্প হতে নিম্নলিখিত প্রকল্পগুলো উপজেলা পরিষদের অনুমোদনের জন্য উপস্থাপন করেন।
প্রকল্প সমূহ নিম্নরূপঃ

**আরসিসি দ্বারা রাস্তা উন্নয়নঃ**

১। আরএইচডি-কাদিপুর মধ্যরাস্তা উন্নয়ন-২০০মিঃ (জালালপুর ইউপি)।
২। নিজ জালালপুর বাজার FWC- সমসপুর রাস্তা উন্নয়ন-৫০০মিঃ(জালালপুর ইউপি)।
৩। মোগলাবাজার জালালপুর এলজিইডি পাকা রাস্তা হতে বাউরবাগ রাস্তা উন্নয়ন-৪০০মিঃ (মোগলাবাজার ইউপি)।

**ড্রেন নির্মাণঃ**

১। মোগলাবাজারের অভ্যন্তরে পানি নিস্কাশনের জন্য বিভিন্ন গলিতে ড্রেন নির্মাণ (৫০০মিঃ)।
২। উপজেলা পরিষদের উত্তর পার্শ্বে মডেল মসজিদের সম্মুখ হতে আরএইচডি পর্যন্ত ড্রেন নির্মাণ। (৩০০মিঃ।
৩। খালোমুখ লালাবাজার রাস্তার খালোমুখ ব্রীজের সম্মুখ হতে মসজিদ পর্যন্ত ড্রেন নির্মাণ। (২০০ মিঃ)।

**পাবলিক টয়লেট নির্মাণঃ**

১। মোগলা বাজারে পাবলিক টয়লেট নির্মাণ।
২। অনিলগঞ্জ বাজারে পাবলিক টয়লেট নির্মাণ।

৩। লালাবাজারে পাবলিক টয়লেট নির্মাণ।

**<u>সবজি শেড নির্মাণঃ</u>**

১। জালালপুর বাজারে সবজি শেড নির্মাণ।

**<u>কসাইখানা নির্মাণঃ</u>**

১। মোগলাবাজারে কসাইখানা নির্মাণ।

**<u>কালভার্ট নির্মাণঃ</u>**

১। সিলাম আরএইচডি-চারিকাঠি মোল্লারচক রাস্তায় কালভার্ট নির্মাণ।

২।মোগলাবাজার আশুগঞ্জ রাস্তায় কালভার্ট নির্মাণ ।

৩। হকিয়ারচর-বিবিদইল-লালাবাজার রাস্তায় কালভার্ট নির্মাণ ।

৪। তিরাশিগাঁও-দাউদপুর রাস্তায় কালভার্ট নির্মাণ ।

৫। পশ্চিম ঝাপা-নিমাদইল সংযোগ রাস্তায় কালভার্ট নির্মাণ।

<u>সিদ্ধান্ত-২</u>: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। Non-municipal Project (MSP) প্রকল্প হতে উল্লেখিত প্রকল্পগুলো বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বাস্তবায়নে</u>: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

<u>প্রস্তাব-৩</u>: উপজেলা প্রকৌশলী সভায়

(ক) উপজেলা পরিষদের ওয়াসরুমগুলো মেরামতের জন্য ১.০০(এক) লক্ষ টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন।

(খ) ইউজিডিপি প্রকল্পের টেন্ডার পত্রিকায় প্রকাশিত বিল বাবদ =৪১,০২৭/- (একচল্লিশ হাজার সাতাশ) টাকা পরিশোধের জন্য উপস্থাপন করেন।

(গ) উপজেলা পরিষদের পানির মটর জরুরী মেরামত বাবদ ১,৭১০/- (এক হাজার সাতশত দশ) টাকা খরচ হয়েছে।

(ঘ) উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন ও আবাসিক ভবনসমূহের পানিতে আয়রন থাকার কারণে তা ব্যবহার অযোগ্য। এতে পরিষদের প্রশাসনিক ভবনের অফিসসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের এবং আবাসিক ভবনসমূহে বসবাসরত কর্মকর্তা/কর্মচারীগণের বিশুদ্ধ পানির সমস্যা বিদ্যমান। বিশুদ্ধ পানির অভাবে অনেক আবাসিক ভবনে কর্মকর্তা/কর্মচারীগণ বসবাস করতে পারছেন না। তাই উপজেলা পরিষদের অভ্যন্তরীণ ভবনসমূহে পানি বিশুদ্ধ করণের প্রকল্প গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।

(ঙ) অফিসার্স ক্লাব ও শিল্পকলা একাডেমির নির্মাণ কাজ অর্থের অভাবে দীর্ঘদিন যাবৎ বন্ধ রয়েছে। এ ব্যাপারে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।

(চ) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিসের জন্য একটি ল্যাপটপ ক্রয়ের বিষয়ে সভায় উপস্থাপন করেন এবং উক্ত ল্যাপটপ ক্রয় বাবদ=৮৬,০০০/- (ছিয়াশি হাজার) টাকা খরচ হতে পারে মর্মে জানান।

(ছ) গেজেটেড কোয়ার্টারের মহিলা বিষয়ক অফিসের প্রশিক্ষণ কেন্দ্রের এবং তথ্য আপা অফিসের বিদ্যুৎ বিলের মিটারটির সাথে আবাসিক ভবনের পানির মটরের সংযোগ থাকায় গত মাস পর্যন্ত মহিলা বিষয়ক অফিসের মিটারের বিদ্যুৎ বিল ৪৭,০৮৩/- (সাতচল্লিশ হাজার তিরাশি) টাকা এবং তথ্য আপা অফিসের বিদ্যুৎ বিল ৪৬,১৭০/- (ছেচল্লিশ হাজার একশত সত্তর) টাকা বকেয়া হয়েছে। অদ্যাবধি আবাসিক ভবনের পানির বিল উপজেলা পরিষদ হতে পরিশোধ করা হয়নি। এ অবস্থায় উল্লেখিত অফিসদ্বয়ের পানি ও বিদ্যুতের মিটার একই হওয়ায় এবং বিদ্যুৎ বিলের বাজেট কম আসাতে বারংবার উক্ত অফিসের অফিস প্রধানগণ পত্র দিয়েছেন। এ ব্যাপারে তিনি সভার সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

(জ) হাজরাই পুরাতন ভাঙ্গা ব্রীজের স্ক্রাপ মালামাল যেখানে যে অবস্থায় আছে তাহা প্রকাশ্যে নিলাম করা হয়। উক্ত নিলামকৃত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা রাজস্ব খাতে জমা করণের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।

(ঝ) উপজেলা পরিষদের নামে যে সব বিদ্যুতের মিটারে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা পরিশোধের বিষয়ে সভায় উপস্থাপন করেন।

(ঞ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয়ের জীপ গাড়ি মেরামত বাবদ সেপ্টেম্বর/২০২২ মাসে ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা এবং অক্টোবর/২০২২ মাসে ২২,৩৫০/- (বাইশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা খরচ হয়েছে।

(ট) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালনের জন্য রাজস্ব তহবিল হতে বছরে ১ লক্ষ টাকা ব্যয় করার বিধান রয়েছে। এ আলোকে আগামী ১৬ ডিসেম্বর ২০২২ মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করা প্রয়োজন।

(ঠ) দক্ষিণ সুরমা উপাজেলার অন্তর্গত সকল প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসার শিক্ষার্থীদের ডিসেম্বর মাসে কোন জমি যাতে পতিত না থাকে সে বিষয়ে উৎসাহিত করার জন্য এবং তাদের সুকুমার বৃদ্ধির বিকাশের লক্ষ্যে শিক্ষার্থীদের নিজেদের বাড়ির আঙ্গিনায় সবজি বাগান করার প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে এবং তাদের পুরস্কৃত করা যেতে

পারে মর্মে সভায় উপজেলা প্রকৌশলী উপস্থাপন করেন। এটি আয়োজনের জন্য উপজেলা পরিষদের তহবিল হতে ৮০,০০০/- টাকা ব্যয় করা যেতে পারে।

সিদ্ধান্ত-৩:

(ক) সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা পরিষদের ওয়াসরুমগুলো মেরামতের জন্য ১.০০ (এক) লক্ষ টাকার প্রাক্কলন অনুমোদন করা হয় এবং উপজেলা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) ইউজিডিপি প্রকল্পের টেন্ডার পত্রিকায় প্রকাশিত বিল বাবদ =৪১,০২৭/- (একচল্লিশ হাজার সাতাশ) টাকা রাজস্ব তহবিল হতে ব্যয় মিটানোর জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা পরিষদের পানির মটর জরুরী মেরামত বাবদ ১,৭১০/- (এক হাজার সাতশত দশ) টাকা অফিস বাসাবাড়ী মেরামত ও সংরক্ষণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা পরিষদের প্রশাসনিক/আবাসিক ভবনসহ অভ্যন্তরীণ সকল ভবনে পানি বিশুদ্ধ করণ প্রকল্প গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত প্রকল্পের প্রাক্কলন দ্রুত প্রস্তুত করে প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(ঙ) অফিসার্স ক্লাবের নির্মাণ কাজের বাকী অংশটুকু সম্পাদনের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব খাত থেকে ব্যয় মিটানোর জন্য মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিসের জন্য একটি ল্যাপটপ ক্রয় বাবদ=৮৬,০০০/- (ছিয়াশি হাজার) টাকা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) উপজেলা মহিলা বিষয়ক অফিস ও তথ্য আপা অফিসের অতিরিক্ত বিদ্যুৎ বিলের ব্যাপারে উপজেলা প্রকৌশলীর তদন্ত সাপেক্ষে পানির মটরের সংযোগে ব্যবহৃত বিদ্যুৎ বিল উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং পানির মটরের জন্য আলাদা মিটার স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(জ) হাজরাই পুরাতন ভাঙ্গা ব্রীজের স্ক্রাপ মালামালের প্রকাশ্যে নিলামকৃত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা রাজস্ব খাতে জমা করণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঝ)উপজেলা পরিষদের নামে যে সব মিটারে বিদ্যুৎবিল বকেয়া রয়েছে তা পরিশোধের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঞ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট মহোদয়ের জীপ গাড়ি মেরামত বাবদ সেপ্টেম্বর/২০২২ মাসে ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা এবং অক্টোবর/২০২২ মাসে ২২,৩৫০/- (বাইশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ট) মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষে অনুষ্ঠান আয়োজনের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা রাজস্ব তহবিলের জাতীয় দিবস উদযাপন খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঠ)দক্ষিণ সুরমা উপাজেলার অন্তর্গত সকল প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসার শিক্ষার্থীদের ডিসেম্বর মাসে কোন জমি যাতে পতিত না থাকে সে বিষয়ে উৎসাহিত করার জন্য এবং তাদের সুকুমার বৃদ্ধির বিকাশের লক্ষ্যে শিক্ষার্থীদের নিজেদের বাড়ির আঙ্গিনায় সবজি বাগান করার প্রতিযোগিতা আয়োজনের জন্য উপজেলা পরিষদের তহবিল হতে ৮০,০০০/- টাকা ব্যয়ের বিষয়ে সর্বসম্মতিক্রমে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৪: চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন জানান যে, সিলাম চকের বাজার হতে তেতলী ইউনিয়নের যে রাস্তা তা সংস্কারের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয় কর্তৃক সত্তর লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তিনি জানতে পারেন উক্ত রাস্তা একজন মুক্তিযোদ্ধার নামে নামকরণের প্রক্রিয়া চলছে। কিন্তু সিলাম ইউনিয়নের জনগণ তার কাছে নামকরণের বিষয়ে আপত্তি জানিয়েছেন। এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-৪: সরেজমিনে তদন্তপূর্বক রাস্তার নামকরণের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত কমিটি গঠনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৪। **স্বাস্থ্য বিভাগ** : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, দক্ষিণ সুরমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অক্টোবর/২০২২ মাসে বহিঃ বিভাগে সেবা নিয়েছেন ৬৭৯১ জন রোগী, জরুরী বিভাগে ৯৮৮ জন রোগী, হাসাপাতালে ভর্তি ২১৮ জন রোগী এবং নরমাল ডেলিভারী ২৫ জন।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** : আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৬। **কৃষি বিভাগ** : আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৮। **মৎস্য বিভাগ** : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

০৯। **শিক্ষা বিভাগ** : আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১১। **সমাজসেবা বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১২। **সমবায় বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ** : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস উপলক্ষে জয়িতা সম্মাননা অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। উক্ত দিবসে সকলকে উপস্থিত থাকার জন্য তিনি আমন্ত্রণ জানান।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৭। **বিবিধ : জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত** : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃতুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**উপদেষ্টা মহোদয়ের বক্তব্য** : জনাব হাবিবুর রহমান , মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ বক্তব্যের শুরুতে উপস্থিত সকলকে সালাম, আদাব ও শুভেচ্ছা জানান। ইজতেমা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনকে ধন্যবাদ জানান। তিনি জানান লালাবাজার, জালালপুর ও মোগলাবাজার ইউনিয়নে তিনটি ব্রীজের অনুমোদন দেয়া হয়েছে এবং জানুয়রির প্রথম দিকে ভিত্তি প্রস্তর স্থাপন করা হবে। মসিজদ-মন্দিরের জন্য প্রায় এক কোটি টাকার বরাদ্দ দেয়া হয়েছে। ইতোমধ্যে দশটি রাস্তার অনুমোদন দেয়া হয়েছে। পর্যায়ক্রমে সকল কাজ বাস্তবায়ন করা হবে। সকলের সার্বিক সহযোগিতায় দক্ষিণ সুরমাকে এগিয়ে নিয়ে যেতে হবে। তিনি শিক্ষকদের নৈতিক স্খলন কোনভাবেই মেনে নেয়া যায় না উল্লেখ করে উপজেলা শিক্ষা অফিসারকে এ বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। শীঘ্রই স্বাস্থ্য কমপ্লেক্স পঞ্চাশ শয্যায় উন্নিত করা হবে। ইউনিয়ন চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে কৃষি উপকরণ, বীজ, সার বিতরণের জন্য কৃষি অফিসারকে নির্দেশনা প্রদান করেন।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য** : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যাগণ, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ

এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। মুক্তিযোদ্ধার নামে রাস্তার নামকরণ একটি ভালো কাজ বলে মতামত দেন। হকিয়ারচরের রাস্তা/কালভার্ট এর কাজ দ্রুত শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২. ১০৭৬/১(৫০) তারিখঃ ২৪ নভেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ..............................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ....................................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা ......................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ...........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম................................. সদস্য..........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

২৪/১১/২২

নুসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

**পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:**

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩। | ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ২। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ৩। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ৪। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৫। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৬। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৭। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৮। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৯। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | |
| **উপস্থিত কর্মকর্তাঃ** | **অনুপস্থিত কর্মকর্তাঃ** |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ২। উপ- সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট |
| ৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট | |
| ৭। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট | |
| ৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ৯। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট | |
| ১০। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |